যায়যায়দিন

তারিখ 13 JUN 2008
পৃষ্ঠা 2 কলাম ৬

# এবারের বাজেটে হতাশ শিক্ষক নেতারা

যাযাদি রিপোর্ট

৯ জুন ঘোষণা করা চলতি অর্থবছরের বাজেটে হতাশা প্রকাশ করেছে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের নেতারা। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের, কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ফ্রন্টের নেতারা এ হতাশা ব্যক্ত করেন।

ফ্রন্টের নেতারা বলেন, দ্রব্যমূল্যের উর্ধ্বগতির এ দিনে শিক্ষকরা দিশেহারা হয়ে পড়েছেন। কিন্তু তাদের কল্যাণে কোনো ইতিবাচক সাড়া এ বাজেটে নেই। ফ্রন্টের পক্ষ থেকে পাঁচ বছর ধরে বিনা বেতনে চাকরিরত বেসরকারি শিক্ষকদের এমপিওভুক্তি, বিগত আমলে বহিষ্কৃত শিক্ষকদের ২ ও ৮ বছরের প্রাপ্ত পদোন্নতি ও আর্থিক সুবিধা দেয়া, সম্প্রতি শারীরিক লাঞ্ছনার শিকার হওয়া সিরাজগঞ্জের শিক্ষকের ওপর হামলাকারীদের বিচার, তুচ্ছ অজুহাতে বহিষ্কৃত শিক্ষকের পুনর্বহাল, প্রস্তাবিত বাজেটে শিক্ষা মানবসম্পদ উন্নয়নে প্রস্তাবনা পেশ ও কর্মসূচি ঘোষণাসহ বিভিন্ন সমস্যা সমাধানের জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়।

অনুষ্ঠানে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, আহ্বায়ক মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যাপক আসাদুল হকসহ অন্য নেতারা উপস্থিত ছিলেন।